
# সৌদির তেলবাহী দুই জাহাজে হামলার দাবি হুতিদের



ছবি: সংগৃহীত

লোহিত সাগরে সৌদি আরবের মালিকানাধীন দুটি তেলবাহী জাহাজে হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। তাদের ভাষ্য, 'এনসেলিয়া' ও 'লায়লা' নামের জাহাজ দুটিকে ড্রোন এবং ক্ষেপণাস্ত্র দিয়ে আঘাত করা হয়েছে।

হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি এক বিবৃতিতে বলেন, তাদের ঘোষিত নৌ অবরোধের শর্ত অমান্য করায় জাহাজ দুটিকে লক্ষ্য করা হয়। একই সঙ্গে হুতিদের নৌ অভিযান চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়ে তিনি জানান, অবরোধের জবাবে তাদের পক্ষ থেকেও অবরোধ কার্যকর থাকবে।

এর মধ্যে যুক্তরাজ্যের ইউকে মেরিটাইম ট্রেড অপারেশন (ইউকেএমটিও) জানিয়েছে, বুধবার রাতে সৌদি উপকূলের আল শুকাইক এলাকা থেকে প্রায় ১৩০ কিলোমিটার দূরে একটি সৌদি ট্যাংকারে একটি অজ্ঞাত ক্ষেপণাস্ত্র আঘাত হানে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

এদিকে, ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক সংঘাতের প্রভাবে হরমুজ প্রণালির নৌ চলাচল ব্যাহত হওয়ায় সৌদি আরবের তেল পরিবহনে লোহিত সাগরের গুরুত্ব বেড়েছে।

এই পরিস্থিতিতে ইয়েমেনের উপকূলের কাছ থেকে বেশ কয়েকটি তেলবাহী জাহাজ ফিরে গেছে বলে জানা গেছে। হুতি মুখপাত্র ইয়াহিয়া সারির দাবি, তাদের সামরিক তৎপরতার কারণে এখন পর্যন্ত প্রায় ১০টি জাহাজকে ওই রুট থেকে ফিরে যেতে হয়েছে।

LENS ASIA